আন্তঃজেলা ফেরিঘাট/খেয়াঘাট এর ইজারা সিডিউল

(সিডিউল বিক্রয়কারী কর্তৃপক্ষ কর্তৃক পূরণযোগ্য)

সিডিউল নং -

১। আন্তঃজেলা ফেরিঘাট/খেয়াঘাট এর নাম ঃ

২। সম্ভাব্য মূল্য ঃ

৩। সিডিউল ক্রয়কারীর নাম ঃ

৪। সিডিউল ক্রয়কারীর ঠিকানা ঃ

সিডিউল বিক্রয়কারী কর্মকর্তার স্বাক্ষর

(সিডিউল ক্রয়কারী কর্তৃক পূরণযোগ্য)

৫। দরপত্র দাতার নাম ঃ

৬। দরপত্র দাতার ঠিকানা ঃ

৭। দরপত্রে উদ্ধৃত দর ঃ অংকে-

কথায়-

৮। জামানতের বিবরণ

(ক) ব্যাংকের নাম ঃ

(খ) ডিডি / পে-অর্ডার নং ঃ

(গ) জামানত প্রদত্ত অর্থের পরিমাণ ঃ অংকে-

কথায়-

৯। দরপত্রদাতার মোবাইল নম্বর ঃ

১০। দরপত্রদাতার ই-মেইল এড্রেস (যদি থাকে) ঃ

এতদসঙ্গে সংযুক্ত টেন্ডার বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তাবলীসমূহের প্রতি সম্মতি জ্ঞাপন করিয়া স্বাক্ষর করলাম।

দরপত্র দাতার স্বাক্ষর ও তারিখ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিশনার, ঢাকা বিভাগ এর কার্যালয়, ঢাকা
এস, এ, শাখা।

স্মরক নং-০৫.৪১.৩০০০.০০৯.০৬.০২৫.১৫- ৮৪৭ তারিখ ঃ ০২ নভেম্বর ২০১৫ খ্রিঃ

আন্তঃজেলা ও আন্তঃবিভাগীয় ফেরিঘাটসমূহের সীলমোহরকৃত পুনঃদরপত্র বিজ্ঞপ্তি।

ঢাকা বিভাগাধীন আন্তঃজেলা এবং ঢাকা-খুলনা বিভাগাধীন আন্তঃবিভাগীয় নিম্নবর্ণিত ফেরিঘাটসমূহের বাংলা ১৪২২ সনের ৩০ চৈত্র পর্যন্ত বাকী সময়ের জন্য ইজারা প্রদানের উদ্দেশ্যে বর্ণিত শর্তমতে সকল আগ্রহী ব্যক্তি/সংগঠন এর কাছ থেকে সীলমোহরযুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	আন্তঃজেলা ও আন্তঃবিভাগীয় ফেরিঘাট এর নাম	উপজেলা, জেলা ও বিভাগের নাম	বাংলা ১৪২২ সনের জন্য সম্ভাব্য মূল্য (টাকায়)
১	ঘোড়াশাল আন্তঃজেলা ফেরিঘাট	কালীগঞ্জ, গাজীপুর-পলাশ, নরসিংদী ঢাকা-বিভাগ।	৪,৮৬,৪৮১/- (চার লক্ষ ছিয়াশি হাজার চারশত একাশি টাকা)
২	পাইকান আন্তঃজেলা ফেরিঘাট	মনোহরদী, নরসিংদী-কটিয়াদী, কিশোরগঞ্জ ঢাকা বিভাগ।	৩৯,৫৩১/- (উনচল্লিশ হাজার পাঁচশত একত্রিশ টাকা)
৩	জয়নগর আন্তঃবিভাগীয় ফেরিঘাট	গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ-কালিয়া, নড়াইল ঢাকা-খুলনা বিভাগ।	৩,৩২,৭৫০/- (তিন লক্ষ বত্রিশ হাজার সাতশত পঞ্চাশ টাকা)
৪	ডিগ্রিরচর-দূর্গাপুর আন্তঃবিভাগীয় ফেরিঘাট	গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ-লোহাগড়া, নড়াইল ঢাকা-খুলনা বিভাগ।	১,৪৫,২০০/- (এক লক্ষ পঁয়তাল্লিশ হাজার দুইশত টাকা)
৫	ছোটফা-মঙ্গলপুর আন্তঃবিভাগীয় ফেরিঘাট	গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ - লোহাগড়া, নড়াইল ঢাকা-খুলনা বিভাগ।	৩৪,৬৫০/- (চৌত্রিশ হাজার ছয়শত পঞ্চাশ টাকা)

দরপত্র দাখিলের সময়সূচী ঃ

দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়	দরপত্র বাছাই এর তারিখ ও সময়
০৮-১১-২০১৫ খ্রিঃ সকাল ১০:০০টা হতে দুপুর ১-০০ টা পর্যন্ত	০৮-১১-২০১৫ খ্রিঃ দুপুর ১-৩০ টা।	১১-১১-২০১৫ খ্রিঃ বিকাল ৩-০০ টা।
২৬-১১-২০১৫ খ্রিষ্টাব্দ সকাল ১০:০০টা হতে দুপুর ১-০০ টা পর্যন্ত	২৬-১১-২০১৫ খ্রিঃ দুপুর ১-৩০ টা।	০১-১২-২০১৫ খ্রিঃ বিকাল ৩-০০ টা।
১৩-১২-২০১৫ খ্রিঃ সকাল ১০:০০টা হতে দুপুর ১-০০ টা পর্যন্ত	১৩-১২-২০১৫ খ্রিঃ দুপুর ১-৩০ টা পর্যন্ত।	১৭-১২-২০১৫ খ্রিঃ বিকাল ৩-০০ টা।
৩১-১২-২০১৫ খ্রিঃ সকাল ১০:০০টা হতে দুপুর ১-০০ টা পর্যন্ত	৩১-১২-২০১৫ খ্রিঃ দুপুর ১-৩০ টা পর্যন্ত।	০৫-০১-২০১৬ খ্রিঃ বিকাল ৩-০০ টা।

"শর্তাবলী"

১। ফেরিঘাটটি বাংলা ১৪২২ সনের বাকী সময় অর্থাৎ ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদে ইজারা প্রদান করা হবে।

২। দরপত্র ফরম দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বের কার্যদিবসের অফিস সময় পর্যন্ত কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা/খুলনা বিভাগ, খুলনা এর কার্যালয়ে এবং গাজীপুর, নরসিংদী, কিশোরগঞ্জ, গোপালগঞ্জ ও নড়াইল জেলা প্রশাসকের কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। পাঁচ লক্ষ টাকা পর্যন্ত ইজারা মূল্যের ফেরিঘাট/খেয়াঘাটের দরপত্র ফরম ৫০০/-(পাঁচশত) টাকা এবং তদূর্দ্ধ ইজারা মূল্যের ফেরিঘাট/খেয়াঘাটের দরপত্র ফরম ১০০০/- (এক হাজার) টাকা মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে।

৩। দরপত্র বিজ্ঞপ্তির নির্ধারিত তারিখে বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ এর কার্যালয় এবং ২ নং অনুচ্ছেদে বর্ণিত কার্যালয়সমূহে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র ফেলা যাবে। একই দিন বেলা ১-৩০ ঘটিকায় উল্লিখিত অফিসসমূহে দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৪। দরপত্রের সহিত উদ্ধৃত মূল্যের ২৫% অর্থ কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফটের মাধ্যমে অতিরিক্ত কমিশনার (রাজস্ব), ঢাকা বিভাগ, ঢাকা এর অনুকূলে জামানত হিসাবে জমা প্রদান করতে হবে। দরপত্র গৃহীত না হলে জামানত ফেরৎযোগ্য।

৫। দরপত্রে কোন কাটাকাটি, ঘষামাজা করা যাবে না। উদ্ধৃত দর স্পষ্টভাবে অংকে এবং কথায় লিখতে হবে।

৬। বর্ণিত অন্তঃবিভাগীয় ফেরিঘাটের এবং দরপত্রের বিষয়ে কারো কোন তথ্য জানার প্রয়োজন হলে যে কোন কার্যদিবসে ২ নং অনুচ্ছেদে বর্ণিত বিভাগীয় কমিশনারের কার্যালয় ও জেলা প্রশাসকগণের কার্যালয় হতে জানা যাবে।

৭। দরপত্রে গৃহীত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে অবশ্যই ফেরিঘাট এর সমুদয় ইজারা মূল্য একসাথে পরিশোধ করতে হবে। অন্যথায় জামানত বাবদ জমাকৃত অর্থ (ব্যাংক ড্রাফট) বাজেয়াপ্ত হবে এবং দরপত্র বাতিলক্রমে যথাশীঘ্র সম্ভব পুনরায় দরপত্র আহবানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮। দখল গ্রহণের পূর্বেই ইজারাদার কর্তৃক উদ্ধৃত মুল্যের উপর ৫%(পাঁচ) হারে আয়কর এবং ১৫%(পনের) হারে ভ্যাট (ইজারা মূল্যের অতিরিক্ত) চালানের মাধ্যমে কোড নং যথাক্রমে "১/১১৪১/০০০৫/০১১১" এবং "১/১১৩৩/০০১০/০৩১১" খাতে জমা প্রদান করে অতিরিক্ত কমিশনার (রাজস্ব) এর নিকট চালানের কপি জমা দিতে হবে।

৯। গৃহীত দরপত্রের সমুদয় টাকা, আয়করের টাকা ও ভ্যাটের টাকা পরিশোধ করার পর ফেরিঘাটের দখল ইজারা কমিটির আহবায়ক এর পক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত নির্ধারিত চুক্তিনামার মাধ্যমে সংশ্লিষ্ট ইজারাদারের অনুকূলে বুঝিয়ে দেয়া হবে। সংশ্লিষ্ট জেলা প্রশাসক কিংবা তার প্রতিনিধি কর্তৃক নির্ধারিত স্থানেই ইজারাদার ঘাটের দখল বুঝে নিতে বাধ্য থাকবেন।

১০। প্রতিটি ঘাটের উভয় পাড়ে জনসাধারণসহ বিভিন্ন যানবাহন/মালামাল পারাপারের টোল রেইট (কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত) ইজারাদার সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ্য স্থানে লটকিয়ে রাখার ব্যবস্থা করবেন। ইজারাদার নির্ধারিত হারে টোল আদায় করতে বাধ্য থাকবেন এবং অতিরিক্ত টোল আদায় করলে আইনত দন্ডনীয় হবেন।

১১। ইজারাদার কোনক্রমে ইজারা প্রাপ্ত ফেরিঘাট অন্যের নিকট পুনঃইজারা বা সাবলিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্তের লংঘন ঘটে তবে ইজারাদারের ইজারা বাতিল বলে গন্য হবে ও জমাকৃত টাকা বাজেয়াপ্ত হবে। তদুপরি ইজারাদার আইনত দন্ডনীয় হবেন।

১২। ফেরিঘাট এর যাত্রীদের চলাচলের জন্য উপযুক্ত নৌ-যান সরবরাহ ও উঠানামার জন্য প্রয়োজনীয় ঘাট ইজারাদার নিজ খরচে নির্মাণ ও রক্ষণাবেক্ষন করবেন।

১৩। দরপত্র বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত বর্ণিত হয়নি কিন্তু সরকারের অন্য কোন আইন, বিধি, অধ্যাদেশ, পরিপত্র ইত্যাদিতে উল্লিখিত আছে সে সকল আইন, বিধি, আদেশ, বিধান ও শর্তাবলী ইজারাদারগণ মেনে চলতে বাধ্য থাকবেন।

১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল কিংবা পরিবর্তন/পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। দখলনামা যে দিনই সম্পাদিত হোক না কেন ইজারা মূল্যের সমুদয় অর্থ পরিশোধের দিন হতে দখল হস্তান্তরিত হয়েছে মর্মে পরিগণিত হবে। তবে ইজারামূল্য অনুমোদনের ০১(এক) সপ্তাহের মধ্যে ৭ নং ক্রমিক অনুযায়ী সমুদয় অর্থ পরিশোধ করতে হবে।

১৬। কমিশনার, ঢাকা বিভাগ এর কার্যালয়ের ওয়েবসাইট www.dhakadiv.gov.bd-এর বিভাগীয় প্রশাসন+রাজস্ব প্রশাসন শাখা+আন্তঃজেলা আন্তঃ বিভাগীয় ফেরিঘাট অপশনে ফেরিঘাট সংক্রান্ত যাবতীয় তথ্যাদি পাওয়া যাবে।

০২/১১/২০১৫

(সাহান আরা বানু)
অতিরিক্ত কমিশনার (রাজস্ব)
. ঢাকা বিভাগ, ঢাকা
এবং
আহবায়ক,
আন্তঃজেলা/আন্তঃবিভাগীয়
ফেরিঘাট/খেয়াঘাট ইজারা কমিটি।

স্মরক নং-০৫.৪১.৩০০০.০০৯.০৬.০২৫.১৫- ৮৭ (৫০)

তারিখঃ ০২ নভেম্বর ২০১৫ খ্রিঃ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)ঃ

১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা/খুলনা বিভাগ, খুলনা।

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ ঃ

১। জেলা প্রশাসক, গাজীপুর/নরসিংদী/কিশোরগঞ্জ/গোপালগঞ্জ/নড়াইল বিজ্ঞপ্তিটি বহুল প্রচারসহ নির্ধারিত তারিখে তাঁর কার্যালয়ে দরপত্র বাক্স রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং দরপত্র প্রাপ্তির পর তা খুলে তুলনামূলক বিবরণী তৈরী করে দরপত্র দাখিলের পরের দিন সকাল ১০-০০ টার মধ্যে বিশেষ দূত মারফৎ তুলনামূলক বিবরণী ও দরপত্রসমূহ নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌছানোর জন্য অনুরোধ করা হলো। দরপত্র বাছাই কমিটির নির্ধারিত সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সহ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর যথাসময়ে উপস্থিত নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো। এ ছাড়া এতদসংগে উক্ত ঘাটের জন্য ৫(পাঁচ) সেট সিডিউল (দরপত্র ফরম) বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো। সিডিউল বিক্রয়লব্ধ অর্থ বাছাই কমিটির সভা অনুষ্ঠানের সময় নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা প্রদান করতে হবে।

২। পুলিশ সুপার, গাজীপুর/নরসিংদী/কিশোরগঞ্জ/গোপালগঞ্জ/নড়াইল।

৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাজীপুর/নরসিংদী/কিশোরগঞ্জ/গোপালগঞ্জ/নড়াইল।

৪। সিভিল সার্জন, গাজীপুর/নরসিংদী/কিশোরগঞ্জ/গোপালগঞ্জ/নড়াইল।

৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), গাজীপুর/নরসিংদী/কিশোরগঞ্জ/গোপালগঞ্জ/নড়াইল উপরে উল্লিখিত তারিখে আন্তঃবিভাগীয় দরপত্র বাছাই কমিটির অনুষ্ঠিতব্য সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

৬। জেলা তথ্য অফিসার, গাজীপুর/নরসিংদী/কিশোরগঞ্জ/গোপালগঞ্জ/নড়াইল।

৭। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা/খুলনা। বিজ্ঞপ্তিটি স্থানীয় সংবাদে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৮। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর/পলাশ, নরসিংদী/মনোহরদী, নরসিংদী/কটিয়াদী, কিশোরগঞ্জ/গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ/কালিয়া, নড়াইল/লোহাগড়া, নড়াইল উপরে উল্লিখিত তারিখে আন্তঃবিভাগীয় ফেরিঘাট দরপত্র বাছাই কমিটির অনুষ্ঠিতব্য সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

৯। সহকারী কমিশনার (ভূমি), কালীগঞ্জ, গাজীপুর/পলাশ, নরসিংদী/মনোহরদী, নরসিংদী/কটিয়াদী, কিশোরগঞ্জ/গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ/কালিয়া, নড়াইল/লোহাগড়া, নড়াইল।

১০। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, উপজেলা .... জেলা ....। উপরে উল্লিখিত তারিখে আন্তঃবিভাগীয় ফেরিঘাট দরপত্র বাছাই কমিটির অনুষ্ঠিতব্য সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

১১। জনাব ....
(প্রাক্তন ইজারাদার)

(জহিরুল ইসলাম)
উপপরিচালক
স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা
ও
সদস্য সচিব,
আন্তঃজেলা/আন্তঃবিভাগীয়
ফেরিঘাট/খেয়াঘাট ইজারা কমিটি।
ফোন ঃ ৮৩৯১৯১৩
ফ্যাক্স ঃ ৯৩৪৯৯৯৯